রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**আদেশ**

তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০১৪

বিষয়ঃ **"ট্রান্সফার প্রাইসিং সেল গঠন আদেশ, ২০১৪"** ।

**নং ০৮.০১.০০০০.০২৭.৩৪.০০১.১৩.৪৬৯**—ট্রান্সফার প্রাইসিং সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে নিম্নরূপ কার্যপরিধি সম্পন্ন একটি "ট্রান্সফার প্রাইসিং সেল" গঠন করা হলো ঃ

০১. জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (আন্তর্জাতিক কর) এর অধীনে উক্ত সেলের কার্যক্রম পরিচালিত হবে;

০২. ট্রান্সফার প্রাইসিং সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদনের জন্য কর প্রশাসন শাখা হতে উক্ত সেলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় উপর্যুক্ত সংখ্যক ট্রান্সফার প্রাইসিং কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করবে;

০৩. উক্ত সেল ট্রান্সফার প্রাইসিং বিষয়ে কর বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের বিষয় সমন্বয়/সুপারিশ করবে;

০৪. ট্রান্সফার প্রাইসিং সংশ্লিষ্ট আইন ও বিধির প্রয়োজনীয় পরিবর্তন/পরিমার্জন/সংশোধন এবং ট্রান্সফার প্রাইসিং সংশ্লিষ্ট গাইডলাইন/সার্কুলার/আদেশ ইত্যাদি প্রনয়ণের ক্ষেত্রে সেল কর নীতি শাখাকে সহায়তা করবে;

০৫. উক্ত সেল ট্রান্সফার প্রাইসিং সংশ্লিষ্ট কাজে অন্যান্য দেশের কর এজেন্সী, সংস্থা, বিভাগ বা অন্যান্য কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করবে;

০৬. উক্ত সেল ট্রান্সফার প্রাইসিং সংশ্লিষ্ট ডেটা সংগ্রহ ও ডেটাবেইজ সংরক্ষণ করবে;

০৭. ট্রান্সফার প্রাইসিং এর বিধানাবলী পরিপালন নিশ্চিতকল্পে উক্ত সেল করদাতাসহ সকল Stakeholder দের শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব পালন করবে;

০৮. উক্ত সেল ট্রান্সফার প্রাইসিং পদ্ধতির অপব্যবহারের মাধ্যমে অর্থ পাচার রোধকল্পে তদন্ত পরিচালনা করবে; এবং

০৯. উপর্যুক্ত বিষয়সমূহ ছাড়াও উক্ত সেল ট্রান্সফার প্রাইসিং ব্যবস্থার কার্যকর বাস্তবায়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক অন্য যে কোন দায়িত্ব পালন করবে।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আশরাফুল ইসলাম**
দ্বিতীয় সচিব
কর পরিবীক্ষণ ও সমন্বয়।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
শাহ্-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd